

স্নাতকোত্তর অন্ত্য-সেমিস্টার পরীক্ষা, ২০২৫

প্রথম বর্ষ, দ্বিতীয় সেমিস্টার

বাংলা বিভাগ

কোর্স : পি জি - ২.৫২এ

বিষয় : চৈতন্যদেব ও বাংলার সংস্কৃতি

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১. বৃন্দাবনের গোস্বামীদের প্রণীত তত্ত্ব ও মতাদর্শ ষোড়শ শতাব্দীর শেষার্ধ থেকে বাংলার বৈষ্ণব সমাজে কীভাবে প্রভাব বিস্তার করেছিল দৃষ্টান্তসহ আলোচনা করো। ১০
অথবা
২. গৌরপারম্যবাদ বাংলার বৈষ্ণব পদাবলি সাহিত্যে কীভাবে গুরুত্বপূর্ণ হয়ে উঠেছিল বলে তুমি মনে কর? উদাহরণসহ বুঝিয়ে দাও। ১০
৩. গঠনশৈলীর প্রেক্ষিতে বাংলার টেরাকোটা মন্দিরের প্রকারভেদগুলি উল্লেখ করে প্রতিটি গঠনরীতির সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০
অথবা
৪. বাংলার টেরাকোটা মন্দির-ভাস্কর্যে কৃষ্ণকথার প্রাধান্য ও বিস্তারে চৈতন্য-আশ্রিত বৈষ্ণব ধর্মের গুরুত্বপূর্ণ ভূমিকা ছিল বলে মনে করা হয়। এই বিষয়ে তোমার মতামত স্পষ্ট করো। ১০
৫. চৈতন্য-সমসাময়িক যে কোনো দু-জন কীর্তন গায়কের নাম লেখো। বাংলা কীর্তনের ঘরানাগুলির প্রভারভে উল্লেখ করে প্রতিটি ঘরানার স্বাতন্ত্র্যের দিকগুলি আলোচনা করো। ১+৯
অথবা
৬. বাংলার বৈষ্ণব ধর্মান্বিত পুথি-পাটা ও দারুশিল্পের পরিচয় দিয়ে এগুলির বিশেষত্ব সম্পর্কে আলোচনা করো ১০
৭. বাংলায় বৈষ্ণব পাটবাড়ি-পরম্পরা গড়ে ওঠার পটভূমি আলোচনা করো। বৈষ্ণব সমাজ সংগঠন হিসেবে এগুলি কীভাবে ভূমিকা পালন করেছিল তার সংক্ষিপ্ত পরিচয় দাও। ৬+৪
অথবা
৮. পাটবাড়ি ভিত্তিক ক্ষেত্রসমীক্ষার ক্ষেত্রে কোন কোন বিষয় কেন বিবেচনায় রাখা জরুরি বলে তুমি মনে কর? এই ধরনের সমীক্ষা বৈষ্ণব সমাজ-সংস্কৃতির ইতিহাস রচনায় কীভাবে গুরুত্বপূর্ণ হতে পারে তা প্রাসঙ্গিক দৃষ্টান্তসহ সংক্ষেপে উল্লেখ করো। ৬+৪

★ ★ ★